

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২০৭.২১-১৩০০

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১


বিষয়: রিট পিটিশন নং ২৯২২/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ
দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ২৯২২/২০২১ এর ০৭/০৩/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলা পরিষদের মালিকানাধীন মিরপুর মৌজার সি. এস ১১০৬ এবং এস. এ ০৪ নং খতিয়ান এর ৬৪১ নং দাগ হতে ৭০,০০০ বর্গফুট জমির ইজারা নবায়নের বিষয়ে জেলা পরিষদ ঢাকা এর ৩০/০৬/২০২০ তারিখের ৫৭৯ নং স্মারক চ্যালেঞ্জ এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি নিষেধাজ্ঞার (Injunction) আদেশ দিয়েছেন। রিটের ৫নং প্রতিপক্ষ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা জেলা পরিষদ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৯২২/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।



৩-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২০৭.২১-১৩০০/১(৫)

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৩-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব